

বাওয়েল ক্যান্সার স্ক্রিনিং টি আসলেই কি ?

NHS বাওয়েল ক্যান্সার স্ক্রিনিং এর লক্ষ্য হল ক্যান্সার রোগ কে রোধ করা অথবা অতি শীঘ্র শনাক্ত করা - যেটি করলেই, এই রোগ এর চিকিৎসা সহজে করা যেতে পারে।

NHS, একটি বিনামূল্যে ফিকাল ইম্যুনোকেমিক্যাল টেস্ট (FIT) আপনাকে পাঠায়, যেটি আপনার মল এর নমুনা সংগ্রহ করতে সাহায্য করে। এই মল পরীক্ষাগারে পরীক্ষা করা হয়,- এটি দেখতে যে আপনার মল এ ক্ষুদ্র পরিমাণ রক্ত আছে কি না।

মলএ রক্ত পলিপ্স কিংবা বাওয়েল ক্যান্সার এর চিহ্ন হতে পারে। পলিপ্স হলো অন্ত্রের বৃদ্ধি; যা সময়ের সাথে সাথে, ক্যান্সার রোগে পরিণত হতে পারে। যদি এই পরীক্ষাতে অস্বাভাবিক কিছু শনাক্ত হয়, তবে আরও পরীক্ষার দরকার হতে পারে।

যে কোনো বয়েসেই, বাওয়েল ক্যান্সারএর কোনো উপস্বর্গ লক্ষ্য করে থাকলে, আপনার জিপি র সাথে যোগাযোগ করুন - যদিও আপনি সম্প্রতি স্ক্রিনিং পরীক্ষা করিয়ে থাকেন।

বাওয়েল ক্যান্সার স্ক্রিনিং কেন করা হয় ?

যেহেতু বাওয়েল ক্যান্সার, একটি অত্যন্ত প্রচলিত ধরণের ক্যান্সার, নিয়মিত স্ক্রিনিং এ, এটি রোধ করা সম্ভব হতে পারে, কিংবা প্রাথমিক পর্যায়ে শনাক্ত হলে, এর চিকিৎসা সহজেই করা যেতে পারে।

কার জন্য বাওয়েল ক্যান্সার স্ক্রিনিং প্রযোজ্য ?

যে কোনো ব্যক্তি, যার বয়স 56-74, তাদের জন্য এই স্ক্রিনিং প্রযোজ্য। যখন আপনার পালা আসবে, আপনাকে প্রতি দুই বছর পর পর একটি কিট পাঠানো হবে। কিট টি পেলেই, সঙ্গে সঙ্গে ব্যবহার করুন।

আমি কি ভাবে একটি হোম স্ক্রিনিং টেস্ট পেতে পারি?

যে কোনো ব্যক্তি, যে ইংল্যান্ড এ জিপি র সাথে নিবন্ধিত কিংবা রেজিস্টার্ড, তাকে অটোমেটিক্যালি তার বাড়িতে কিট পৌঁছে দেওয়া হবে।

পরীক্ষার ফল কবে পাওয়া যাবে ?

আপনার পরীক্ষার ফল, আপনাকে দুই সপ্তাহ র মধ্যে পোস্ট করে দেওয়া হবে। কোনো কারণেই যদি আরও পরীক্ষার দরকার হয়, তবে, আপনাকে যোগাযোগ করে জানিয়ে দেওয়া হবে। অতিরিক্ত পরীক্ষার করতে বলা মানে এই নয়, যে আপনার বাওয়েল ক্যান্সার হয়েছে।

বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং টেস্ট কে কখনোই অবহেলা করবেন না।


বিনামূল্যে হেল্পলাইন :
0800 707 6060

Screening
saves
lives


Help us
help you

বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং কিট কি করে ব্যবহার করতে হয়

1. যে বোতলটি স্যাম্পেল বা নমুনার জন্য দেওয়া হয়েছে, ওতে তারিখ লিখুন
2. হয় একটি পাত্রে নয় টয়লেট পেপারে মলটি কে সংগ্রহ করুন
3. আপনার মল টয়লেট এর পানির সংস্পর্শে যেন না আসে
4. বোতল এর ছিপিটা মোচড় দিয়ে খুলুন
5. বোতল এ যে কাঠিটি আছে এইটি দিয়ে মলটি চেঁছে তুলুন - যতক্ষণ না সমস্ত খাঁজ ঢেকে যায়
6. মল পরীক্ষা করতে, আমাদের খুব সামান্য মল লাগবে। দয়া করে বেশি মল দিয়ে দেবেন না



7. কাঠি দিয়ে মলটা বোতলে ভরুন এবং কাঠিটা বোতলে ঢুকিয়ে দিন আর ছিপিটা বেশ করে ঐটে দিন
8. একবার ব্যবহার করা হয়ে গেলেই বোতলটি খুলবেন না
9. পদ্ধতিটি হয়ে গেলে, দয়া করে হাত ধুয়ে নিন
10. নমুনার বোতলটি বিনামূল্যের খামে ভরে দিন
11. খাম এর টেপটা খুলে নিন, তারপর খামটা লাগিয়ে দিন আর ডাকে পাঠিয়ে দিন
12. আপনি দুই সপ্তাহের মধ্যে আপনার পরীক্ষার ফল পেয়ে যেতে পারেন



বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং টেস্টটা উপেক্ষা করবেন না

যদি আপনি কিট পেয়ে থাকেন,
দয়া করে কার্য পূরণ করে, যত
তাড়াতাড়ি সম্ভব, পাঠিয়ে দিন।

